

ভর্তি

বুয়েটে ভর্তি পরীক্ষা : অ্যাডমিট ডাউনলোড শুরু

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতকে ভর্তি পরীক্ষা নেবে দুই ধাপে। এর মধ্যে প্রাক-নির্বাচনী পরীক্ষা (প্রাথমিক বাছাই) দুই শিফটে নেওয়া হবে আগামী ৪ জুন। এই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ১৮ জুন চূড়ান্ত ভর্তি পরীক্ষায় অংশ নেবেন। গতকাল রোববার থেকে প্রাক-নির্বাচনী (প্রাথমিক বাছাই) পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড শুরু হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ভর্তিবিষয়ক [ওয়েবসাইটে](#) গিয়ে শিক্ষার্থীরা প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

বিজ্ঞাপন

এর আগে প্রাক-নির্বাচনী পরীক্ষার যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন

By using this site, you agree to our Privacy Policy. OK

পরীক্ষায় প্রথম শিফটে ৮ হাজার ৫১৭ এবং দ্বিতীয় শিফটে ৮ হাজার ৫১৬ শিক্ষার্থী পরীক্ষা দেবেন।

৪ জুন প্রাক-নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে শিফট-১ 'ক' ও 'খ' গ্রুপ সকাল ১০টা থেকে বেলা ১১টা এবং শিফট-২ 'ক' ও 'খ' গ্রুপ বেলা ৩টা থেকে বিকেল ৪টা পর্যন্ত পরীক্ষা হবে।

ভর্তির বিজ্ঞপ্তির তথ্য মতে, মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের নামের তালিকা প্রকাশের সবশেষ তারিখ ১১ জুন। আর মূল মূল ভর্তি পরীক্ষা হবে ১৮ জুন।

গত ১৬ এপ্রিল সকাল ১০টা থেকে অনলাইনের মাধ্যমে বুয়েটের স্নাতক ভর্তির প্রাথমিক আবেদন শুরু হয়। আবেদন চলে ২৫ এপ্রিল বেলা ৩টা পর্যন্ত। মুঠোফোন বা অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে আবেদন ফি ২৬ এপ্রিল বেলা ৩টা পর্যন্ত জমা দেন শিক্ষার্থীরা। 'ক' গ্রুপে (প্রকৌশল ও বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ) আবেদন, প্রাক-নির্বাচনী ও মূল ভর্তি বাবদ এক হাজার টাকা এবং 'খ' গ্রুপে (প্রকৌশল ও বিভাগগুলো, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ ও স্থাপত্য বিভাগে) ১ হাজার ২০০ টাকা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ফি দিয়ে এই প্রক্রিয়া সম্পন্ন করেন শিক্ষার্থীরা।

আসনসংখ্যা

পার্বত্য চট্টগ্রাম এবং অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতিগোষ্ঠীভুক্ত প্রার্থীদের প্রকৌশল বিভাগ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ মোট আসনসংখ্যা ১ হাজার ২৭৯টি।

ভর্তি পরীক্ষা কবে

প্রাক-নির্বাচনী পরীক্ষা (প্রাথমিক বাছাই) দুই শিফটে নেওয়া হবে আগামী ৪ জুন। 'ক' ও 'খ' গ্রুপের জন্য মোট ১০০ নম্বরের এমসিকিউ পরীক্ষা অনুষ্ঠিত হবে। সময় এক ঘণ্টা। প্রথম শিফটের পরীক্ষা সকাল ১০টায় ও দ্বিতীয় শিফটের পরীক্ষা বেলা ৩টায় শুরু হবে। প্রাক-নির্বাচনী পরীক্ষায় নেগেটিভ মার্কিং করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে প্রশ্নের মানের ২৫% কেটে নেওয়া হবে। ১১ জুন মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের নাম প্রকাশ করবে বুয়েট। আগামী ১৮ জুন বুয়েটের মূল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই পরীক্ষায় রয়েছে—সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত মডিউল-এ 'ক' ও 'খ' গ্রুপের জন্য গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন। বেলা ২টা থেকে সাড়ে ৩টা পর্যন্ত মডিউল-বি 'খ' গ্রুপের মুক্তহস্ত অঙ্কন এবং দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তি। এরপর আগামী ৬ জুলাই নির্বাচিত ও অপেক্ষমাণ প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করা হবে।





সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২২ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy. OK